





সশস্ত্র বাহিনী দিবস ২০১৬ উপলক্ষে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ সোমবার (২১-১১-২০১৬) বনানীস্থ নৌ সদর সাগরিকা হলে মহান স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য খেতাবপ্রাপ্ত নৌবাহিনীর মুক্তিযোদ্ধা ও তাঁদের নিকটাত্মীয়দের সম্মানে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে সম্মাননা প্রদান করছেন।  
ছবি: আইএসপিআর

সংবর্ধনা অনুষ্ঠানে নৌপ্রধান মুক্তিকামী বাঙালী জাতির স্বপুত্রষ্টা, স্বাধীনতা যুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী লাখে শহীদদের অবদানের কথা সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। তিনি বলেন, ‘সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য’ অর্জনে একটি কার্যকর ও পেশাদার নৌবাহিনী গড়ে তোলার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতা ও বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ইতিমধ্যে নৌবাহিনীকে ত্রিমাত্রিক ও যুগোপযোগী বাহিনী হিসেবে গড়ে তুলতে সংযোজিত হয়েছে উল্লেখযোগ্য সংখ্যক যুদ্ধজাহাজ ও আধুনিক সামরিক সরঞ্জাম। এবছরই মহান স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ এবং দেশের জলসীমার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় নিরলস দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ নৌবাহিনী স্বাধীনতা পদকে ভূষিত হয়েছে। গৌরবময় এই অর্জনে আমাদের বীর ও শাহাদাত বরণকারী মুক্তিযোদ্ধাদের ভূমিকা অপরিসীম। সেই পথ অনুসরণ করে বর্তমান প্রজন্মের নৌ সদস্যগণ সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে যার ফলে নৌবাহিনী আজ আধুনিক ও পযুক্তি নির্ভর নৌবাহিনীর দ্বারপ্রান্তে উপনীত বলে তিনি উল্লেখ করেন। তিনি নৌবাহিনী তথা দেশমাতৃকার গৌরব সমুনত রাখতে সকল নৌসদস্যকে পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও দেশপ্রেমের সমন্বয়ে কাজ করার আহ্বান জানান।